The Bangladesh Ob
04 MAR 1989
2 4
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা
021

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৮৮-৮৯ শিক্ষা বর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে এবং ইন্ডাষ্ট্রিয়াল আর্টসে বি, এস-সি (পাস) কোর্সে ভর্তির জন্য ১২-৩-৮৯ তারিখ থেকে ৩০-৩-৮৯ তারিখ পর্যন্ত নিম্নে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের কাছ থেকে প্রাথমিক আবেদনপত্র গ্রহণ করা হবেঃ—

(১) ১৯৮৭ ও ১৯৮৮ সনের উচ্চ মাধ্যমিক অথবা তার সমতুল্য পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় অন্ততঃ দ্বিতীয় বিভাগ অথবা মাধ্যমিক পরীক্ষায় তৃতীয় বিভাগ এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে পেয়েছে একমাত্র তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(২) বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান শাখার প্রার্থীগণকে বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা ঐ বিষয়ের সংগে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কমপক্ষে শতকরা ৫০ নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার সর্বমোট ১১৫০ নম্বর পেতে হবে।

(৩) কলা (মানবিক) শাখার প্রার্থীগণকে কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদসমূহের যে যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা ঐ বিষয়ের সংগে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অন্ততঃ শতকরা ৪৫ নম্বর অবশ্যই পেতে হবে।

(৪) বাণিজ্য শাখার প্রার্থীগণকে বাণিজ্য অনুষদের যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা ঐ বিষয়ের সঙ্গে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অন্ততঃ শতকরা ৪৫ নম্বর অবশ্যই পেতে হবে।

(৫) গার্হস্থ্য অর্থনীতি শাখার প্রার্থীগণকে কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদের যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা ঐ বিষয়ের সংগে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অন্ততঃ শতকরা ৪৫ নম্বর এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাঙলা ও ইংরেজী বিষয়ের (গ্রেস নম্বর ব্যতীত) সর্বমোট নম্বরের শতকরা ৪৫ নম্বর পেতে হবে।

(৬) জি-সি-ই 'ও' লেভেলে অন্ততঃ ৩টি বিষয়ে এবং 'এ' লেভেলে অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণও ভর্তির জন্য আবেদন করতে পারবে, তবে তাদেরকে 'ও' লেভেল এবং 'এ' লেভেলের পাঁচটি বিষয়ের মধ্যে ৩টি বিষয়ে 'বি'-গ্রেড এবং অন্য ২টি বিষয়ে অন্ততঃ 'সি'-গ্রেড প্রাপ্ত হতে হবে।

সমমানের বিদেশী সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা সংশ্লিষ্ট ইউনিট প্রধান এর অনুমতি প্রদান সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে সংশ্লিষ্ট অনুষদ কর্তৃক সমতা নিরূপিত হলেই কেবল তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**নিম্নোক্ত ইউনিট অফিসসমূহে আবেদনপত্র গ্রহণ করা হবেঃ—**

**'ক'—ইউনিটঃ** বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখা ফাজিল/আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ছাত্র-শিক্ষক কেন্দ্রে অবস্থিত জনতা ব্যাংকের শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে জীব বিজ্ঞান অনুষদ ডীনের অফিসে (মৃত্তিকা বিজ্ঞান বিভাগের নীচ তলা) জমা দিতে হবে। এসব প্রার্থীর ভর্তি পরীক্ষা 'ক'—ইউনিট কর্তৃক গৃহীত হবে।

**'খ'—ইউনিটঃ** কলা (মানবিক) শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা বোর্ডের কলা/মানবিক শাখা ফাজিল/আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে জনতা ব্যাংকের ঢাকা কলেজ গেইট শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে কলা অনুষদ ডীনের অফিসে (কলা ভবনে অবস্থিত) জমা দিতে হবে। এসব প্রার্থীর ভর্তি পরীক্ষা 'খ'—ইউনিট কর্তৃক গৃহীত হবে।

**'গ'—ইউনিটঃ** বাণিজ্য শাখায় উচ্চ মাধ্যমিক এবং ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ছাত্র-শিক্ষক কেন্দ্রে অবস্থিত জনতা ব্যাংকের শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে বাণিজ্য অনুষদ ডীনের অফিসে জমা দিতে হবে। এসব প্রার্থীর ভর্তি পরীক্ষা 'গ'—ইউনিট কর্তৃক গৃহীত হবে।

**'ঘ'—ইউনিটঃ** যে সমস্ত ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধীত ঐচ্ছিক বিষয়সমূহ বাদ দিয়ে অন্য বিষয়ে/ বিভাগে সংরক্ষিত আসনে ভর্তির জন্য প্রতিযোগিতা করতে ইচ্ছুক তাদেরকে 'ঘ'—ইউনিট-এর মাধ্যমে আবেদনপত্র পেশ করতে হবে। উক্ত ইউনিটে ভর্তি প্রার্থীদেরকে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করতে হবেঃ

(ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাংলা ও ইরেজী সর্বমোট নম্বরের (গ্রেস নম্বর বাদে) অন্ততঃ ৪৫% নম্বর অবশ্যই পেতে হবে।ঃ

(খ) উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) শাখা থেকে আগত ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় সর্বমোট ১১০০ নম্বর পেতে হবে।

(গ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা বাণিজ্য অনুষদে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই গণিতে উক্ত পরীক্ষায় ৪৫% নম্বর পেতে হবে। অনুরূপভাবে কলা শাখা থেকে বাণিজ্য অনুষদে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে অর্থনীতি অথবা গণিত বিষয়ে অবশ্যই উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৪৫% নম্বর পেতে হবে।

'ঘ'—ইউনিটের মাধ্যমে ভর্তি প্রার্থীদেরকে এ্যালিফেন্ট রোডে অবস্থিত জনতা ব্যাংকের শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে সামাজিক বিজ্ঞান অনুষদ ডীনের অফিসে (কলা ভবনে অবস্থিত) জমা দিতে হবে। তাদেরকে 'ঘ'—ইউনিট কর্তৃক গৃহীত ভর্তি পরীক্ষায় মাধ্যমে নির্বাচন করা হবে।

গার্হস্থ্য অর্থনীতি শাখার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থী কলা, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদভুক্ত বিভিন্ন বিভাগে সংরক্ষিত আসনে ভর্তি হতে ইচ্ছুক তাদেরকেও এ্যালিফেন্ট রোডে অবস্থিত জনতা ব্যাংকের শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে সামাজিক বিজ্ঞান অনুষদ ডীনের অফিসে জমা দিতে হবে অর্থাৎ তারা 'ঘ'—ইউনিটের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**ভর্তি পরীক্ষার ফিসঃ** প্রতি ইউনিটে ভর্তি পরীক্ষার জন্য জনতা ব্যাংকের উল্লেখিত শাখায় নগদ টাকা ৪০·০০ (চল্লিশ) ফিস জমা দিয়ে প্রাথমিক আবেদনপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাজগপত্র সংগ্রহ করতে হবে।

প্রাথমিক আবেদনপত্রের সাথে দু'কপি পাসপোর্ট আকারের ফটো এবং সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। **স্কুল অথবা কলেজ কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র গ্রহণযোগ্য হবে না।** নম্বরপত্রের ফটোষ্ট্যাট কপিও অবশ্যই সত্যায়িত হতে হবে।

সকল প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ক, খ, গ ও ঘ ইউনিটে ভর্তি পরীক্ষা যথাক্রমে ২২-৪-৮৯, ১৭-৪-৮৯, ১৫-৪-৮৯ ও ২০-৪-৮৯ ইং তারিখে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুত মেধা তালিকা অনুযায়ী এবং যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা তার সঙ্গে অনুমোদিত সম্বন্ধযুক্ত বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রাপ্ত নম্বর এবং ইউনিট কর্তৃক কোন কোন বিভাগে ভর্তির জন্য নির্ধারিত বিশেষ যোগ্যতা বিবেচনায় এনে প্রতি বিভাগের জন্য নির্ধারিত আসনে ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করা হবে।

ভর্তি ও পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত বিবরণ 'ক', 'খ', 'গ' ও 'ঘ' ইউনিটসমূহ কর্তৃক প্রকাশিত ভর্তি নির্দেশিকা ও সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে জানা যাবে। প্রাথমিক আবেদনপত্র সংগ্রহের সময় নির্দেশিকা সংগে দেয়া হবে।

উপ-রেজিষ্ট্রার (শিক্ষা),

জিসি—৮২৩৮